শিক্ষাগত প্রভাব বিবরণী: স্কুল ফর কমিউনিটি রিসার্চ অ্যান্ড লার্নিং (০৮এক্স৫৪০)-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার প্রস্তাব

I. প্রস্তাবের সারসংক্ষেপ

স্কুল ফর কমিউনিটি রিসার্চ অ্যান্ড লার্নিং (০৮এক্স৫৪০, "এসসিআরএল") হচ্ছে 1980 Lafayette Avenue, Bronx, NY 10473 ঠিকানায় অ্যাডলেই ই. স্টিভেনসন ক্যাম্পাস ("এক্স৪৫০," "স্টিভেনসন ক্যাম্পাস")-এ অবস্থিত, কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট ৮-এর ভৌগলিক পরিসীমার অভ্যন্তরস্থ একটি বিদ্যমান স্কুল। বর্তমানে এটি নবম হতে দ্বাদশ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে থাকে। ডিসেম্বর ১০, ২০১০ তারিখে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) একটি এডুকেশনাল ইম্প্যাক্ট স্টেটমেন্ট বা শিক্ষাগত প্রভাব বিবরণী ("ইআইএস") প্রকাশ করে, যাতে এসসিআরএল-এর খারাপ ফলাফল এবং শিক্ষার্থীদের চাহিদা পূরণে উন্নততর সহায়তা প্রদানে দ্রুত পদক্ষেপ গ্রহণের সক্ষমতা স্কুলটি রাখে না এই মর্মে ডিওই-এর মূল্যায়নের ভিত্তিতে এটিকে ক্রমান্বয়ে প্রত্যাহার করে চূড়ান্ত পর্যায়ে বন্ধ করে দেওয়ার প্রস্তাব রাখা হয়েছে। এই সংশোধিত ইআইএস'টির মাধ্যমে মুদ্রনজনিত প্রমাদ, ফরম্যাটিং বা বিন্যাসগত সজ্জা, এই পৃষ্ঠায় ছকে প্রদর্শিত ব্রংক্স ব্রিজেস-এর ২০১০-২০১১ এনরোলমেন্ট উপাত্ত শুদ্ধ করা হয়েছে, ওয়াইএবিসি এবং এসসিআরএল-এ দশম গ্রেডে ভর্তি সংক্রান্ত পাদটিকা প্রদান করা হয়েছে এবং পি.এস. ১৩৮-এ প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচির অবস্থা ব্যাখ্যা করা হয়েছে, তবে এটি প্রস্তাবটিতে কোন পরিবর্তন বা সংশোধন ঘটায় না।

এটি অনুমোদিত হলে এসসিআরএল ২০১০-২০১১ স্কুল-বর্ষ সমাপ্তির পর থেকে আর কোন নতুন নবম গ্রেড শিক্ষার্থী ভর্তি করতে পারবে না। বর্তমান শিক্ষার্থীরা এসসিআরএল-এ ভর্তিকৃত থেকেই তাদের গ্র্যাজুয়েশন সম্পন্ন হওয়া পর্যন্ত সহায়তা লাভ করতে থাকবে। জুন ২০১৪-এর মধ্যে শিক্ষার্থীরা গ্র্যাজুয়েশনের শর্তাবলী পূরণ না করার ক্ষেত্রে ডিওই সে সকল শিক্ষার্থী এবং তাদের পরিবারসমূহের জন্য এরূপ বিকল্প কর্মসূচি বা স্কুল শনাক্ত করবে যা শিক্ষার্থীদের চাহিদা পূরণ করবে, যাতে করে তারা এসসিআরএল-এর ক্রমিক প্রত্যাহার সম্পন্ন হওয়ার পর তাদের শিক্ষা অব্যাহত রাখতে পারে।

স্টিভেনসন ক্যাম্পাসে এসসিআরএল অন্যান্য আরো সাতটি হাই স্কুলের সঙ্গে সহাবস্থান করে:

স্কুলের নাম	ডিবিএন	২০১০-২০১১ পরিষেবাধীন গ্রেড	২০১০-২০১১ এনরোলমেন্ট[১]	পূর্ণমাত্রায় গ্রেড
গেটওয়ে	০৮এক্স২৯৫	৯-১২	৫০৪	৯-১২
পাবলো নেরুদা	০৮এক্স৩০৫	৯-১২	৩৮৫	৯-১২
মিলেনিয়াম	০৮এক্স৩১২	৯-১২	৪৭৭	৯-১২
পান্তোহা প্রেপ	০৮এক্স৩৭৬	৬-৯	৪০৭	৬-১২
ব্রংক্স কমিউনিটি	০৮এক্স৩৭৭	৯-১২	২০০	৯-১২
ব্রংক্স ব্রিজেস	০৮এক্স৪৩২	৯	৮১	৯-১২
ব্রংক্স গিল্ড	০৮এক্স৪৫২	৯-১২	৩০৬	৯-১২
এসসিআরএল	০৮এক্স৫৪০	৯-১২	৩৪০	প্রযোজ্য নয়

ক্যাম্পাসটিতে অবস্থিত সবকয়টি স্কুল বিগত এক দশকে চালু করা হয়েছিল। এ সকল স্কুলের মধ্য থেকে পাঁচটি—গেটওয়ে স্কুল অব এনভাইরনমেন্টাল রিসার্চ অ্যান্ড টেকনোলজি (০৮এক্স২৯৫, "গেটওয়ে"), পাবলো নেরুদা অ্যাকাডেমি ফর আর্কিটেকচার অ্যান্ড ওয়ার্ল্ড স্টাডিজ (০৮এক্স৩০৫, "নেরুদা"), মিলেনিয়াম আর্ট অ্যাকাডেমি (০৮এক্স৩১২, "মিলেনিয়াম"), ব্রংক্স কমিউনিটি হাই স্কুল (০৮এক্স৩৭৭, "ব্রংক্স কমিউনিটি") এবং ব্রংক্স গিল্ড (০৮এক্স৪৫২, "ব্রংক্স গিল্ড")—হচ্ছে সম্পূর্ণরূপে ধারাবাহিকভাবে চালুকৃত এবং গ্রেড ৯-১২-এ তাদের ধারণক্ষমতার সম্পূর্ণ সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করছে। দুটি স্কুল সম্প্রসারণ প্রক্রিয়াধীন রয়েছে—ব্রংক্স ব্রিজেস হাই স্কুল (০৮এক্স৪৩২, "ব্রংক্স ব্রিজেস") এবং আন্তোনিয়া পান্তোহা প্রেপারেটরি স্কুল (০৮এক্স৩৭৬, "পান্তোহা প্রেপ")। ব্রংক্স ব্রিজেস চলতি স্কুল বর্ষে নবম গ্রেডের প্রথম ক্লাসটিতে শিক্ষার্থী ভর্তি করে, এবং ২০১৩-২০১৪ বর্ষে ৯-১২ গ্রেডসমূহে ধারণক্ষমতার সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থীর জন্য পরিষেবা প্রদান করা পর্যন্ত এটি প্রতি বছর একটি করে গ্রেড যুক্ত করা অব্যাহত রাখবে। পান্তোহা প্রেপ ২০০৭ সালে ষষ্ঠ গ্রেড দিয়ে যাত্রা শুরু করে এবং প্রতি বছর একটি করে গ্রেড যুক্ত করতে থাকে। ৬-১২ গ্রেডসমূহের শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী স্কুলে পরিণত হওয়ার প্রথম পদক্ষেপ হিসেবে পান্তোহা প্রেপ এ বছর নবম গ্রেড যুক্ত করেছে। ২০১৩-২০১৪ স্কুল-বর্ষে এর পর্যায়ক্রমিক বিকাশ সম্পন্ন হওয়া পর্যন্ত পান্তোহা প্রেপ প্রতি বছর একটি করে হাই স্কুল গ্রেড যুক্ত করতে থাকবে।

উপরোক্ত বিষয়াদি ছাড়াও, ভবনটিতে একটি অল্টারনেটিভ লার্নিং সেন্টার (Alternative Learning Center) বা বিকল্প শিক্ষণ কেন্দ্র রয়েছে, যেটি হল অল্টারনেটিভ লার্নিং সেন্টার – স্টিভেনসন ক্যাম্পাস (৮৮এক্স৯৯৬, "এএলসি - স্টিভেনসন ক্যাম্পাস")। এএলসি'টি ভৌত অবস্থানগতভাবে স্টিভেনসন ক্যাম্পাস ভবনের বাইরে পরিবহণযোগ্য ক্লাসরুম ইউনিটসমূহে ("টিসিইউ'গুলোতে") অবস্থিত। এছাড়া একটি জিইডি প্লাস লার্নিং টু ওয়ার্ক শীর্ষক খণ্ডকালীন কাজের জন্য সান্ধ্যকালীন কর্মসূচি রয়েছে যা স্টিভেনসন ক্যাম্পাসে পরিচালিত হয়। পরিশেষে স্টিভেনসন ক্যাম্পাসে একটি স্থানীয় প্রাথমিক স্কুল, পি.এস. ১৩৮ স্যামুয়েল ব্র্যান্ডল ("পি.এস. ১৩৮") তিনটি পূর্ণ দিবস প্রি-কিন্ডারগার্টেন ক্লাস পরিচালনা করে।

[১] ২০১০-২০১১ প্রাক্কলিত এনরোলমেন্ট

২০০৯-২০১০ বর্ষে শিক্ষার্থীদের পরিষেবা প্রদানের ক্ষেত্রে স্টিভেনসন ক্যাম্পাসের অভীষ্ট ধারণক্ষমতা ছিল ৩,৩৫৫ জন, এবং অভীষ্ট সদ্ব্যবহারের হার ছিল ৭৭%[২]। ২০১০-২০১১ বর্ষে ভবনটিতে অবস্থিত আটটি স্কুলে প্রাক্কলিত ভর্তির মোট সংখ্যা ২,৭০০ জন শিক্ষার্থী, যাদের মধ্যে ২,৩৯১ জন ৯-১২ গ্রেডসমূহে, যে ক্ষেত্রে সদ্ব্যবহারের হার ৮০%। যদি প্রস্তাবটি অনুমোদিত হয়, তাহলে ভবনটিতে অবস্থিত সম্পূর্ণরূপে পর্যায়ক্রমিকভাবে সম্প্রসারিত পাঁচটি স্কুল তাদের বর্তমান ভর্তি স্তরসমূহে শিক্ষার্থীদের পরিষেবা প্রদান অব্যাহত রাখবে, যেখানে ব্রংক্স ব্রিজেস এবং পান্তোহা প্রেপ ২০১৩-২০১৪ বর্ষে তাদের পূর্ণ মাত্রায় সম্প্রসারণ ঘটানোর লক্ষ্য নিয়ে একে একে গ্রেড সংযুক্ত করতে থাকবে। এসসিআরএল চলতি স্কুল বর্ষের শেষে আর কোন নতুন নবম গ্রেড শিক্ষার্থী ভর্তি করবে না এবং জুন ২০১৪-তে এটি এর পর্যায়ক্রমিক প্রত্যাহার সম্পন্ন করবে। স্টিভেনসন ক্যাম্পাসে এ সময়ে অন্য কোন নতুন স্কুলের প্রস্তাব ডিওই পূর্বানুমান করছে না।

ডিওই'র সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার পটভূমি

স্কুলসমূহ পর্যায়ক্রমিক প্রত্যাহারের যোগ্য হতে পারে তিনটি কারণে: (১) বার্ষিক প্রগ্রেস রিপোর্টে (Progress Report) সেগুলো নিম্ন গ্রেড পেয়ে থাকলে; (২) বার্ষিক মান পর্যালোচনায় (Quality Review) খারাপ স্কোর লাভ করে থাকলে; অথবা (৩) নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট ("এসইডি") কর্তৃক সেগুলোকে পারসিস্ট্যান্টলি লো অ্যাচিভিং (Persistently Low Achieving) বা নিরন্তর খারাপ ফলাফল অর্জনকারী ("পিএলএ") হিসেবে চিহ্নিত হয়ে থাকলে। সুনির্দিষ্টভাবে বলতে গেলে, ডিওই'র দায়বদ্ধতা কাঠামোর আওতায়, বার্ষিক প্রগ্রেস রিপোর্টে একটি ডি, এফ, অথবা পরপর তিনটি সি গ্রেড বা তার কম গ্রেড পাওয়া সকল স্কুল, এবং মান পর্যালোচনায় প্রফিশিয়েন্ট (Proficient)-এর চেয়ে কম মান অর্জনকারী সকল স্কুল নিবিড় সহায়তা বা হস্তক্ষেপের জন্য মূল্যায়িত হয়ে থাকে, পর্যায়ক্রমিক প্রত্যাহারের সম্ভাবনাও যার অন্তর্ভুক্ত। প্রগ্রেস রিপোর্টসমূহ ডিওই কর্তৃক প্রতি শরতে প্রকাশ করা হয়ে থাকে, এবং এতে স্কুলসমূহকে তাদের শিক্ষার্থীদের অগ্রগতি, শিক্ষার্থীদের সাফল্য, এবং স্কুলের পরিবেশ – যার অন্তর্ভুক্ত রয়েছে নিরাপত্তা, উপস্থিতি, এবং পিতামাতা, শিক্ষকবৃন্দ, ও প্রযোজ্য ক্ষেত্রে ৬ষ্ঠ-দ্বাদশ গ্রেডের শিক্ষার্থীদের জরিপ মতামত - ইত্যাদির ওপর ভিত্তি করে মূল্যায়ন করা হয়ে থাকে। মান পর্যালোচনার সময়, যা-ও ডিওই কর্তৃকই প্রকাশিত হয়, অভিজ্ঞ শিক্ষাবিদগণ কয়েক দিন ব্যাপী একটি স্কুল পরিদর্শন করেন, তারা ক্লাসরুমসমূহ পর্যবেক্ষণ করেন এবং শিক্ষার্থী, স্টাফ ও পরিবারসমূহের সঙ্গে কথা বলেন। স্কুলসমূহকে একটি চার-মাত্রার স্কেলে মূল্যায়িত করা হয়, যেখানে "অনুন্নত (Under-developed)" হচ্ছে সম্ভাব্য সর্বনিম্ন মান এবং "সুউন্নত (Well Developed)" হচ্ছে সর্বোচ্চ।

এছাড়া, এসইডি কর্তৃক পিএলএ হিসেবে চিহ্নিত সকল স্কুল একইভাবে অধিকতর নিবিড় সহায়তা বা হস্তক্ষেপের জন্য বিবেচিত হয়, পর্যায়ক্রমিক প্রত্যাহারের সম্ভাবনাও যার অন্তর্ভুক্ত রয়েছে। ডিসেম্বর ২০১০-এ, এসইডি সমগ্র স্টেটব্যাপী ৬৭টি পিএলএ স্কুল চিহ্নিত করেছে, যার মধ্যে নিউ ইয়র্ক সিটির ৪৩টি রয়েছে। স্কুলসমূহকে চিহ্নিত করা হয় তাদের গ্রেড ৩-৮ ইএলএ এবং গণিত পরীক্ষার স্কোর এবং হাই স্কুলের ক্ষেত্রে গ্র্যাজুয়েশনের হারের ওপর ভিত্তি করে। ডিসেম্বর ২০১০-এ, স্টেট কর্তৃক এসসিআরএল'কে একটি পিএলএ স্কুল হিসেবে চিহ্নিত করা হয়।

এসসিআরএল এর ২০০৯-২০১০ প্রগ্রেস রিপোর্টে একটি সার্বিক ডি গ্রেড লাভ করে, যেখানে শিক্ষার্থী সাফল্য উপ-বিভাগে প্রাপ্ত গ্রেড ডি, শিক্ষার্থী অগ্রগতি'র জন্য ডি, স্কুলের পরিবেশ-এর জন্য সি।

এসসিআরএল-এর অতীতের মানোন্নয়ন প্রচেষ্টার ফলাফলস্বরূপ ডিওই স্কুলটির একটি সামগ্রিক পর্যালোচনা সম্পন্ন করে, যার লক্ষ্য ছিল কোন্ কোন্ সহায়তা ও হস্তক্ষেপ এটির শিক্ষার্থী ও কমিউনিটির জন্য সর্বোচ্চ উপকার বয়ে আনবে তা নির্ণয় করা। ঐ পর্যালোচনার সময় ডিওই স্কুলটির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেছেন এরূপ সুপারিন্টেন্ডেন্টবৃন্দ এবং অন্যান্য অভিজ্ঞ শিক্ষাবিদগণের সঙ্গে পরামর্শ করে, কমিউনিটির মতামত সংগ্রহ করে, এবং স্কুলটির সাম্প্রতিক ও অতীতের কর্মসম্পাদন ও চাহিদার উপাত্তসমূহ যাচাই করে।

পর্যালোচনা সম্পন্ন করার পর ডিওই মনে করে যে শুধুমাত্র সবচেয়ে গুরুতর হস্তক্ষেপ – এসসিআরএল-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার ও পরিশেষে এর অবলুপ্তি – স্কুলটির দীর্ঘমেয়াদী মানোন্নয়ন প্রচেষ্টার সমাধান হতে পারে এবং বিদ্যমান নতুন স্কুল বিকল্পগুলোকে অ্যাডলেই ই. স্টিভেনসন ক্যাম্পাসে সম্প্রসারণ অব্যাহত রাখার সুযোগ করে দিতে পারে। এই নতুন স্কুল বিকল্পসমূহ ভবিষ্যত শিক্ষার্থীদেরকে এবং প্রশস্ততর কমিউনিটিকে আরো উন্নততর পরিষেবা প্রদান করবে।

এসসিআরএল-এর কর্মসম্পাদনের মান ও স্কুলের পরিবেশ

২০০৭ সালে শিক্ষার্থীদের প্রথম দলটি গ্র্যাজুয়েশন করার সময় থেকেই স্কুলটির গ্র্যাজুয়েশনের হার ৫০% পরিব্যাপ্তিতে রয়ে যাওয়ার প্রেক্ষিতে এসসিআরএল বেশ কয়েক বছর যাবত জোর প্রচেষ্টা চালিয়ে আসছে। স্কুলটি শিক্ষার্থী সাফল্যের হার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করার সক্ষমতাসম্পন্ন নয় এরূপ প্রমাণের ভিত্তিতে গত শীতকালে প্যানেল ফর এডুকেশনাল পলিসি (Panel for Educational Policy) এসসিআরএল'কে পর্যায়ক্রমিকভাবে প্রত্যাহার করে নেওয়ার ও পরিশেষে অবলুপ্ত করার পক্ষে ভোট প্রদান করে। একটি মোকদ্দমা ডিওইকে এসব পরিকল্পনা নিয়ে এগিয়ে যাওয়া থেকে বাধা প্রদান করে। ২০০৯-২০১০ স্কুল-বর্ষে এসসিআরএল-এর ফলাফল পতন অব্যাহত থাকে, যা শিক্ষার্থীদের চাহিদা পূরণে উন্নততর সহায়তা প্রদানে দ্রুত পদক্ষেপ গ্রহণের সক্ষমতা স্কুলটি রাখে না এই মর্মে ডিওই-এর পূর্ববর্তী মূল্যায়নকে সুনিশ্চিত করে।

[২] অনুগ্রহপূর্বক জেনে রাখুন যে ভবনের ধারণ ক্ষমতা ও সদ্ব্যবহারের হিসাবসমূহ সর্বদা সঠিকভাবে নির্দেশ করে না যে কোন স্কুল অধিক বা স্বল্পব্যবহৃত কি না। প্রযোজ্য ক্ষেত্রে অফিস অব স্পেস প্ল্যানিং ভবনটির বিদ্যমান জায়গার পরিমাণ নির্ণয়ের উদ্দেশ্যে একটি বিশদ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবে। ২০০৯-২০১০ এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাজেশন রিপোর্ট ("ব্লু বুক")-এ হিসাবকৃত সদ্ব্যবহারের হার "দীর্ঘমেয়াদী অনুপস্থিতি" হিসেবে শ্রেণিভুক্ত শিক্ষার্থীদেরকে অন্তর্ভুক্ত করে, কিন্তু ভবনের এনরোলমেন্ট সংখ্যায় তারা অন্তর্ভুক্ত নয়। এরা হচ্ছে সেই সব শিক্ষার্থী যারা ৩০ বা তার চেয়ে বেশি দিন যাবত স্কুলে অনুপস্থিত রয়েছে, যার ফলে বর্তমানে স্কুলে যোগদানরত শিক্ষার্থীদের নিয়ে রক্ষণশীল পদ্ধতিতে সদ্ব্যবহারের হার নির্ণয় করতে হচ্ছে।

- ২০০৯-২০১০ বর্ষে এসসিআরএল-এর ৪-বছরের গ্র্যাজুয়েশন হার (অগাস্ট গ্র্যাজুয়েট সহকারে) ছিল ৫৩%। ২০০৮-২০০৯ বর্ষে এর ৪-বছরের গ্র্যাজুয়েশন হার ছিল ৪৪% এবং ২০০৭-২০০৮ বর্ষে এটি ছিল ৪৭%। পূর্ববর্তী দুই বছরের তুলনায় সামান্য অগ্রগতি প্রদর্শন করলেও এসসিআরএল-এর সর্বসাম্প্রতিক ৪-বছরের গ্র্যাজুয়েশন হার ৫৩%, ২০১০-এর ক্লাসের জন্য সিটিব্যাপী গড় হার ৬৩%-এর চেয়ে এটি যথেষ্ট নিচে। প্রকৃতপক্ষে, ৫৩% ৪-বছরের গ্র্যাজুয়েশন হার নিয়ে এসসিআরএল ২০০৯-২০১০ বর্ষের সকল হাই স্কুলের মধ্যে নিম্নপ্রান্তের ১০%-এ অবস্থান করছে এবং ব্রংক্স-এর মধ্যে নিম্নপ্রান্তের ১৮%-এ অবস্থান করছে।

- যদি গ্র্যাজুয়েশনের জন্য শুধুমাত্র রিজেন্টস ডিপ্লোমাকেই গণ্য করা হয় - যেমনটি আর এক বছরের মধ্যেই ঘটবে – তাহলে এসসিআরএল-এর চার-বছরের গ্র্যাজুয়েশন হার মাত্র ২৬%-এ নেমে আসবে, যা সিটিব্যাপী রিজেন্টস গ্র্যাজুয়েশন হার ৪৬%-এর চেয়ে যথেষ্ট নিচে।

- স্কুলটির ছয়-বছরের গ্র্যাজুয়েশন হারের দিকে তাকালেও খুব একটা ভালো পরিস্থিতি পাওয়া যায় না। ২০১০ বর্ষে এসসিআরএল ৫৭% ছয়-বছরের গ্র্যাজুয়েশন হার অর্জন করে, যা সিটিব্যাপী চার-বছরের গড় হারের চেয়েও কম।

- এসসিআরএল-এ প্রথম-বর্ষের শিক্ষার্থীদের ৭৬% কমপক্ষে ১০টি ক্রেডিট অর্জন করে; তবে এসসিআরএল-এর শিক্ষার্থীদের মধ্যে গ্রেড স্তরে অগ্রসর হওয়ার সাথে সাথে আরো পেছনে পড়ে থাকার একটি প্রবণতা লক্ষ করা যায়। ২০০৯-২০১০ বর্ষে দ্বিতীয়-বর্ষের শিক্ষার্থীদের মাত্র ৪৮% এবং তৃতীয় বর্ষের শিক্ষার্থীদের মাত্র ৫১% কমপক্ষে ১০টি ক্রেডিট অর্জন করেছে। হাই স্কুল শিক্ষার্থীদেরকে (রিজেন্টস পরীক্ষার জন্য আবশ্যিক ক্রেডিট ছাড়াও) অন্ততঃ ৪৪টি ক্রেডিট অর্জন করতে হয়। এ বিষয়টি উল্লেখযোগ্য যে এসসিআরএল-এর ২য় ও ৩য় বর্ষের শিক্ষার্থীদের অর্ধেকই বছরে ১০টিরও কম ক্রেডিট অর্জন করছে। ক্রেডিট সঞ্চয় হচ্ছে শিক্ষার্থীদের ভবিষ্যত সফলতার মূল নিয়ন্ত্রক, কেননা পিছিয়ে পড়া শিক্ষার্থীরা প্রায়শই গ্র্যাজুয়েশনের জন্য প্রয়োজনীয় স্তরে ফিরে আসতে অসুবিধার সম্মূখীন হয়।

- ডিসেম্বর ২০১০-এ এসইডি এসসিআরএল'কে পিএলএ স্কুলসমূহের একটি হিসেবে ঘোষণা করে।

- এসসিআরএল ২০০৯-২০১০ প্রগ্রেস রিপোর্টে একটি সার্বিক ডি গ্রেড লাভ করে, যার মধ্যে রয়েছে শিক্ষার্থী সাফল্য ও শিক্ষার্থী অগ্রগতি এই উভয় উপ-বিভাগে একটি করে ডি গ্রেড, এবং রিপোর্টটিতে স্কুলের পরিবেশ উপ-বিভাগে একটি সি গ্রেড। এটি এসসিআরএল-এর একটি অব্যাহত অধোগতি নির্দেশ করে, যেখানে স্কুলটি ২০০৮-২০০৯ বর্ষে একটি সার্বিক সি গ্রেড আর ২০০৭-২০০৮ বর্ষে একটি সার্বিক বি গ্রেড অর্জন করেছিল।

- এসসিআরএল-এ উপস্থিতির হার হাই স্কুলসমূহের জন্য সিটিব্যাপী গড় হার ৮৬%-এর চেয়েও কম। ২০০৯-২০১০ বর্ষে উপস্থিতির হার ছিল ৭৯%। প্রকৃতপক্ষে উপস্থিতির এই হার এসসিআরএল'কে সিটি'র সমস্ত হাই স্কুলের মধ্যে নিম্নস্তরের ১২%-এ অন্তর্ভুক্ত করে, এবং ব্রংক্স-এর হাই স্কুলসমূহের নিম্নস্তরের ১১%-এ অন্তর্ভুক্ত করে।

- সর্বসাম্প্রতিক মান পর্যালোচনায়, যা ২০০৭-২০০৮ বর্ষে সম্পন্ন হয়, এসসিআরএল'কে "প্রফিশিয়েন্ট (Proficient)" হিসেবে চিহ্নিত করা হলেও এসসিআরএল-এর আরো নিয়মতান্ত্রিকভাবে এর শিক্ষার্থীদের শিক্ষণ মূল্যায়ন এবং শিক্ষার্থীদের অগ্রগতি পর্যবেক্ষণে উপাত্ত ব্যবহারের মানোন্নয়ন ঘটানো প্রয়োজন বলে উল্লেখ করা হয়। স্কুলটির আরো কার্যকরভাবে লক্ষ্য নির্ধারণ কৌশল এবং শ্রেণিকক্ষে পাঠদান পৃথকীকরণের জন্য উন্নততর উপায় প্রণয়ন করাও প্রয়োজন ছিল। এ সকল উদ্বেগ এটাই নির্দেশ করে যে এসসিআরএল এর শিক্ষার্থীদের উন্নততর সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় দ্রুততার সঙ্গে ও সম্পূর্ণরূপে উন্নয়ন সাধনে সক্ষম নয়।

- স্কুলের নিরাপত্তা সম্পর্কিত ইস্যুগুলো একটি উদ্বেগের বিষয় রয়ে গেছে। ২০০৯-২০১০ নিউ ইয়র্ক সিটি স্কুল জরিপে ২৯% শিক্ষার্থী উত্তরদাতা এসসিআরএল-এর হলওয়ে, বাথরুম ও লকার রুমসমূহে অনিরাপদ বোধ করার কথা জানিয়েছে। এছাড়া, এসসিআরএল-এর ৩৯% শিক্ষক জানিয়েছেন যে স্কুলটিতে নিয়ম ও শৃঙ্খলা অনুসরণ করা হয় না। একই জরিপে পিতামাতা সন্তুষ্টির বিবেচনায় স্কুলটির অবস্থান ছিল নিচের দিক থেকে তৃতীয়, আর শিক্ষক সন্তুষ্টির বিবেচনায় সর্বনিম্ন অবস্থানে থাকা ২২%-এর অন্তর্ভুক্ত।

- স্কুলটির চাহিদা কম, যার অর্থ হচ্ছে যে পরিবারসমূহ আরো ভালো কোন বিকল্প সন্ধান করছেন। ২০০৮-২০০৯ স্কুল-বর্ষের জন্য বিদ্যমান প্রতিটি আসনের বিপরীতে ২.৫ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ সন্ধান করেছে; সেপ্টেম্বর ২০০৯ এর ক্ষেত্রে বিদ্যমান প্রতিটি আসনের জন্য ৩.৩ জন্য শিক্ষার্থী আবেদন করেছে। বর্তমান স্কুল-বর্ষ ২০১০-২০১১-এ, মাত্র ২.৪ জন শিক্ষার্থী প্রতিটি বিদ্যমান আসনের বিপরীতে আবেদন করেছে – যা কি না হাই স্কুল ভর্তির ক্ষেত্রে সিটিব্যাপী গড় ৮.১ জন আবেদনকারী শিক্ষার্থী সংখ্যার চেয়ে অনেক কম।[৩] অধিকন্তু, এসসিআরএল-এ চলতি বছরের নবম গ্রেড শিক্ষার্থীদের ব্যাচটির মাত্র ৩১% স্কুলটিকে তাদের প্রধান তিনটি পছন্দের স্কুলের অন্তর্ভুক্ত করেছে।

[৩] চলতি স্কুল বর্ষের জন্য নিরীক্ষিত এনরোলমেন্ট উপাত্ত এখনো পাওয়া যায়নি। প্রদত্ত এনরোলমেন্ট উপাত্তসমূহ ২০০৯-২০১০ স্কুল বর্ষ হতে নেওয়া, যা অক্টোবর ৩১, ২০০৯ পর্যন্ত নিরীক্ষিত। চাহিদা উপাত্তসমূহ সেপ্টেম্বর ২০১০-এ হাই স্কুল শুরু করা শিক্ষার্থীগণ কর্তৃক ডিসেম্বর ২০০৯-এর গোড়ার দিকে দাখিলকৃত হাই স্কুল ভর্তির আবেদনের সংখ্যাকে প্রকাশ করে। এই উপাত্ত ডিওই কর্তৃক এসসিআরএল-এর প্রস্তাবিত অবলুপ্তি ঘোষণার পূর্বের তথ্য ধারণ করে।

নিম্নের ছকটি এসসিআরএল-এর গত তিন বছরের কর্মসম্পাদনের মান সংক্রান্ত উপাত্তগুলোর সারসংক্ষেপ তুলে ধরে:

স্কুল ফর কমিউনিটি রিসার্চ অ্যান্ড লার্নিং	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০
স্কুলের কর্মসম্পাদন ও অগ্রগতি			
সার্বিক প্রগ্রেস রিপোর্ট গ্রেড	বি	সি	ডি
কর্মসম্পাদন সম্পর্কিত গ্রেড	সি	ডি	ডি
অগ্রগতি সম্পর্কিত গ্রেড	বি	ডি	ডি
পরিবেশ সম্পর্কিত গ্রেড	বি	বি	সি
মান পর্যালোচনার স্কোর	পি		
গ্র্যাজুয়েশনের উপাত্ত [১]			
চার-বছরের গ্র্যাজুয়েশনের হার	৪৭%	৪৪%	৫৩%
চার-বছরের রিজেন্টস ডিপ্লোমার হার	১৪%	১৯%	২৬%
ছয়-বছরের গ্র্যাজুয়েশনের হার		৫৭%	৫৭%
অন্যান্য উল্লেখযোগ্য নির্দেশক [১]			
১০+ ক্রেডিট অর্জনকারী প্রথম-বর্ষের শিক্ষার্থীদের শতকরা হার	৪৯%	৫৩%	৭৬%
উপস্থিতির হার	৭৯%	৭৮%	৭৯%
২০১০-২০১১ স্টেট অ্যাকাউন্টিবিলিটি স্ট্যাটাস	মানোন্নয়ন (বর্ষ ২) - সামগ্রিক		

[১] উৎস: প্রগ্রেস রিপোর্টের উপাত্ত

এসসিআরএল-এ অতীতের কৌশলগত উন্নয়ন প্রচেষ্টার উপরিচিত্র

এসসিআরএল-এর স্টাফ সদস্যগণ স্কুলটির মানোন্নয়নে কঠোর পরিশ্রম করেছেন। পূর্ববর্তী বছরগুলোতে ডিওই এসসিআরএল'কে অসংখ্য সহায়তা প্রদান করেছে, যার মধ্যে নিম্নোক্তগুলো রয়েছে:

নেতৃত্বে সহায়তা:

- প্রিন্সিপ্যালকে এসসিআরএল-এর সামগ্রিক শিক্ষা পরিকল্পনা (Comprehensive Education Plan) প্রণয়নে এবং স্কুলের লক্ষ্যসমূহ নির্ধারণে সহায়তা প্রদান।
- পাঠক্রম লিখন এবং স্টেটের নতুন প্রমিত মানসমূহ বাস্তবায়নে স্কুল নেতৃত্বকে প্রশিক্ষণ প্রদান।
- অ্যাডমিনিস্ট্রেটরবৃন্দকে অন্যান্য স্কুলের সঙ্গে যুক্ত করে কার্যকরী অনুশীলনসমূহ শিখতে সাহায্য করা, যাতে সেগুলো এসসিআরএল-এ অনুকরণ করা যায়।

পাঠদানগত সহায়তা:

- শ্রেণিকক্ষে পাঠদান, পাঠক্রম পরিকল্পনা, এবং পাঠ প্রণয়নের মানোন্নয়নে প্রশিক্ষণ প্রদান
- এসসিআরএল'কে গ্রেড-টিম এবং বিভাগীয় নেতা নির্বাচনে সহায়তা করা; দলনেতাগণ স্কুল সংস্কৃতি ও শিক্ষার্থী সাফল্যের মানোন্নয়নের উপায়সমূহ আলোচনার জন্য সাপ্তাহিকভাবে মিলিত হন।
- ইংরেজি ভাষা শিক্ষার্থী, বিশেষ শিক্ষার শিক্ষার্থী, এবং গ্রেড স্তরের চেয়ে কম সাফল্য প্রদর্শনকারী শিক্ষার্থীদের জন্য পাঠদানের মানোন্নয়নে স্কুলটির উপাত্ত ব্যবহারে সহায়তা করা

পরিচালনাগত সহায়তা:

- বাজেট প্রণয়ন, মানব সম্পদ, মেধাবী শিক্ষক নিয়োগ ও রক্ষণ, এবং বিধিমালা অনুসরণ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান

- স্কুলের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে এর বাজেট সম্পদ সর্বোচ্চ মাত্রায় নিতে স্কুলটিকে সহায়তা করা
- শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধিতে এবং প্রথম বর্ষের শিক্ষার্থীদের দীর্ঘ-মেয়াদী অনুপস্থিতি রোধকল্পে স্কুলের সঙ্গে একযোগে কাজ করা

শিক্ষার্থী সহায়তা:

- স্কলারশিপ রিপোর্টসমূহ এবং গ্র্যাজুয়েশন ট্র্যাকিং সিস্টেম কিভাবে ব্যবহার করতে হবে সে বিষয়ে গাইড্যান্স কাউন্সেলরকে প্রশিক্ষণ প্রদান
- গণিত ও সমাজ পাঠ বিষয়ে বৈকালিক ক্লাস তৈরির ব্যাপারে এসসিআরএল'কে সাহায্য করা
- শিক্ষার্থীদের জন্য ক্যাম্পাসের অ্যাথলেটিক টিম ও ক্লাবসমূহে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা
- লেহম্যান কলেজ অংশীদারিত্ব প্রণয়ন করা, যা শিক্ষার্থীদেরকে সাক্ষরতা অনুশিক্ষণ, ওয়ার্ক-স্টাডি বা কর্ম-অধ্যয়ন, এবং ক্যাম্পাসের একটি হেলথ ক্লিনিকে অভিগম্যতা প্রদান করে

সুরক্ষা ও নিরাপত্তা বিষয়ে স্কুলসমূহের জন্য ডিওই নিম্নলিখিত সহায়তাসমূহ প্রদান করে থাকে:

- রিসোর্স নির্দেশিকা হিসেবে একটি নিরাপদ ও সহায়তামূলক স্কুল সৃষ্টি ও বজায় রাখার লক্ষ্যে সর্বোত্তম অনুশীলন মানসমূহ (Best Practices Standards for Creating and Sustaining a Safe and Supportive School)
- স্কুলের ঘটনাবলীর তথ্য-উপাত্ত এবং অপরাধের তথ্য-উপাত্ত পর্যালোচনা ও পরিবীক্ষণ (ক্রিমিনাল জাস্টিস কোঅর্ডিনেটর এবং এনওয়াইপিডি'র সঙ্গে যৌথভাবে)
- ঘটনাবলী সংঘটিত হওয়ার সময় বারা সেফটি ডিরেক্টরদের (Borough Safety Directors) মাধ্যমে কারিগরী সহায়তা
- সিএফএন সেফটি লিয়েজোঁ'র জন্য পেশাগত উন্নয়ন এবং সহায়তা
- বিল্ডিং রেসপন্স টিম-এর জন্য পেশাগত উন্নয়ন এবং উপকরণ
- স্কুল সেফটি প্ল্যান বা স্কুল সুরক্ষা পরিকল্পনা (School Safety Plans) বার্ষিক ভিত্তিতে পর্যবেক্ষণ ও প্রত্যায়ন

স্কুলটিকে সহায়তা করার এই ব্যর্থ প্রচেষ্টাসমূহের প্রেক্ষিতে – যা সকল স্কুলকে সহায়তা প্রদানের কেন্দ্রীয় প্রচেষ্টার অংশই হোক বা এসসিআরএল-এর জন্য বিশেষায়িত পরিকল্পনাই হোক – এটি প্রতীয়মান হয় যে এসসিআরএল এর শিক্ষার্থী ও পরিবারসমূহের চাহিদা পূরণে যথাযথ অবকাঠামো তৈরি করতে ব্যর্থ হয়েছে।

কমিউনিটির মতামতের সারসংক্ষেপ

এই প্রস্তাবটি জারি করার পূর্বে ডিওই এসসিআরএল কমিউনিটির নিকট থেকে শিক্ষার্থীদের উন্নততর সহায়তা প্রদানের এবং স্কুলে ফলাফলের মানোন্নয়ন কৌশলসমূহ সম্পর্কে মতামত চায় ও তা সংগ্রহ করে। এসসিআরএল-এর পূর্ববর্তী প্রস্তাবিত পর্যায়ক্রমিক প্রত্যাহার সম্পর্কে এসসিআরএল কমিউনিটি ডিওই'কে ২০০৯-২০১০ স্কুল-বর্ষব্যাপী মতামত প্রদান করে। অধিকন্তু, এসসিআরএল-এর সাফল্য এবং অব্যাহত চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করতে এবং শিক্ষার্থীদের উন্নততর পরিষেবা প্রদানের লক্ষ্যে একত্রে কাজ করার কৌশলসমূহ আলোচনা করতে নভেম্বর ১৫, ২০১০ তারিখে ব্রংক্স হাই স্কুলের সুপারিন্টেন্ডেন্ট, এলেনা পাপালিবেরিওস স্কুল নেতৃত্ব দল ("এসএলটি") এবং পিতামাতাগণের সঙ্গে বৈঠকে মিলিত হন। বৈঠকে পিতামাতাগণ বেশ কয়েকজন পরিশ্রমী শিক্ষক এবং স্কুলের নতুন ওয়েবসাইট সম্পর্কে ইতিবাচক মতামত প্রদান করেন, তবে সেসকল পিতামাতা স্কুলের পক্ষ থেকে বিশেষত সংগ্রামরত শিক্ষার্থীদের পিতামাতার সঙ্গে যোগাযোগ করার প্রচেষ্টার অভাব সম্পর্কে উদ্বেগও প্রকাশ করেন।

ডিওই ফোন এবং ইমেইলের মাধ্যমেও কমিউনিটির মতামত সংগ্রহ করে, যার মধ্যে রয়েছে পরিবারসমূহকে তথ্য প্রদানের জন্য নিবেদিত একটি ওয়েবসাইট সৃষ্টি, যার ঠিকানা: http://schools.nyc.gov/community/planning/changes/bronx/scrl

এসসিআরএল কমিউনিটির কিছু সংখ্যক সদস্য স্কুলটির পর্যায়ক্রমিক প্রত্যাহারের সম্ভাবনার ব্যাপারে আপত্তি প্রকাশ করলেও ডিওই মনে করে স্কুলটির দীর্ঘ-মেয়াদী মানোন্নয়ন প্রচেষ্টা, শিক্ষার্থীদের সহায়তায় স্কুলটি দ্রুত ব্যবস্থা গ্রহণে সক্ষম এরূপ প্রমাণের অভাব, এবং স্কুলের আসনের অত্যন্ত স্বল্প চাহিদার কথা বিবেচনা করে অবশ্যই চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এই প্রস্তাবটি প্যানেল অব এডুকেশন পলিসি কর্তৃক বিবেচনাধীন থাকাকালে আমরা কমিউনিটির মতামত সংগ্রহ ও পর্যালোচনা অব্যাহত রাখবো।

II. ভবনটির প্রস্তাবিত বা সম্ভাব্য ব্যবহার

যে ভবনটিতে এসসিআরএল অবস্থিত, সেই স্টিভেনসন ক্যাম্পাসের ৩,৩৫৫ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদানের সক্ষমতা রয়েছে। ২০০৯-২০১০ বর্ষে ভবনটিতে ২,৪৯৭ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করা হয়, আর ২০০৯-২০১০-এ ভবনটির অভীষ্ট সদ্ব্যবহারের হার ছিল ৭৭%।[৪/৫] এই ভবনের অভ্যন্তরে অবস্থিত আটটি স্কুল ২০১০-২০১১ স্কুল-বর্ষে ২,৭২৭ জন শিক্ষার্থী ভর্তি করবে বলে বর্তমানে অনুমান করা হচ্ছে, যা স্টিভেনসন ক্যাম্পাসের ৮০% ব্যবহার নিশ্চিত করবে। এই ২,৭২৭ শিক্ষার্থীর মধ্য থেকে ২,৩৯১ জন ৯-১২ গ্রেডে। ভবনটিতে এসসিআরএল ছাড়াও আরো সাতটি স্কুল বর্তমানে সহাবস্থান করছে। এছাড়াও রয়েছে একটি অল্টারনেটিভে লার্নিং সেন্টার (৮৮এক্স৯৯৬) যা মূল স্টিভেনসন ভবনের[৬] বাইরে টিসিইউসমূহে অবস্থিত, একটি জিইডি প্লাস লার্নিং টু ওয়ার্ক কর্মসূচি, এবং নিকটস্থ একটি প্রাথমিক স্কুলের তিনটি পূর্ণ-দিবস প্রি-কিন্ডারগার্টেন ক্লাস।

যেমনটি পূর্বে উল্লেখ করা হয়েছে, স্কুলসমূহের মধ্য থেকে পাঁচটি সম্পূর্ণরূপে পর্যায়ক্রমিকভাবে চালুকৃত। পান্তোহা প্রেপ একটি মিডল স্কুল হতে ৬-১২ গ্রেডে শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী স্কুলে সম্প্রসারিত হচ্ছে। ব্রংক্স ব্রিজেস চলতি বছর নতুন এবং এটির নবম গ্রেডে অনুমিত ভর্তির সংখ্যা ৮৮ জন, এবং চূড়ান্ত পর্যায়ে এটি ৯ হতে ১২ গ্রেডসমূহে পরিষেবা প্রদান করবে। ব্রংক্স ব্রিজেস প্রতি বছর একটি করে গ্রেড যোগ করতে থাকবে, যে পর্যন্ত না এটি ২০১৩-২০১৪ বর্ষে এর সম্পূর্ণ গ্রেড পরিসর অর্জন করে। পান্তোহা প্রেপও প্রতি বছর একটি করে গ্রেড যোগ করতে থাকবে, যে পর্যন্ত না এটি ২০১৩-২০১৪ বর্ষে এর সম্পূর্ণ গ্রেড পরিসর অর্জন করে। অবশ্য এই সম্প্রসারণের বিষয়টি আলোচ্য প্রস্তাবের ওপর নির্ভরশীল নয়।

আগামী চার বছরে ভবনটির স্কুলসমূহের প্রস্তাবিত গ্রেড কাঠামো নিম্নরূপ:

স্কুলের নাম	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	২০১৪-২০১৫
গেটওয়ে	৯-১২	৯-১২	৯-১২	৯-১২	৯-১২
পাবলো নেরুদা	৯-১২	৯-১২	৯-১২	৯-১২	৯-১২
মিলেনিয়াম	৯-১২	৯-১২	৯-১২	৯-১২	৯-১২
পান্তোহা প্রেপ	৬-৯	৬-১০	৬-১১	৬-১২	৬-১২
ব্রংক্স কমিউনিটি	৯-১২	৯-১২	৯-১২	৯-১২	৯-১২
ব্রংক্স ব্রিজেস	৯	৯-১০	৯-১১	৯-১২	৯-১২
ব্রংক্স গিল্ড	৯-১২	৯-১২	৯-১২	৯-১২	৯-১২
এসসিআরএল[৭]	৯-১২	১০,১১,১২	১১,১২	১২	প্রযোজ্য নয়

গেটওয়ে, পাবলো নেরুদা, মিলেনিয়াম, ব্রংক্স কমিউনিটি, এবং ব্রংক্স গিল্ড ইতোমধ্যেই তাদের পর্যায়ক্রমিকভাবে সম্পূর্ণরূপে চালুকৃত ৯-১২ গ্রেডসমূহে পরিষেবা প্রদান করছে। এই পাঁচটি স্কুল ৯-১২ গ্রেডসমূহে বর্তমানে সর্বমোট ১,৯৩৪ জন শিক্ষার্থী ভর্তি করে থাকে। ডিওই পূর্বানুমান করছে যে এই ভর্তির হার ২০১৪ সাল পর্যন্ত স্থিতিশীল থাকবে, যে সময়ে এসসিআরএল তার পর্যায়ক্রমিক অবলুপ্তি সম্পন্ন করবে। পান্তোহা প্রেপ ইতোমধ্যে ৬-৯ গ্রেডসমূহে শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করছে এবং গ্রেড ৬-১২ পর্যন্ত পরিষেবা সম্প্রসারণের প্রক্রিয়া চালু রেখেছে। এই সম্প্রসারণ সুসম্পন্ন হয়ে গেলে পান্তোহা প্রেপ ৬-১২ গ্রেডসমূহে আনুমানিক ৫৫০-৬০০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। ব্রংক্স ব্রিজেস ২০১৩-২০১৪ স্কুল-বর্ষে এর পর্যায়ক্রমিক উত্তরণ সম্পন্ন করার পর ৯-১২ গ্রেডসমূহে ৩২৫-৩৫০ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে বলে আশা করা যাচ্ছে। পান্তোহা প্রেপ এবং ব্রংক্স ব্রিজেস তাদের সম্প্রসারণ সম্পন্ন করে ফেললে, এবং এসসিআরএল তার অবলুপ্তি সমাপ্ত করলে, ডিওই পূর্বানুমান করছে যে এক্স৪৫০ ভবনটিতে আনুমানিক ২,৭০০-৩,০০০ শিক্ষার্থী অবস্থান করবে। সবকয়টি স্কুল তাদের পূর্ণ মাত্রায় পৌঁছলে এবং এসসিআরএল অবলুপ্ত হলে ভবনটির আনুমানিক ৮৯% সদ্ব্যবহার ঘটবে বলে আশা করা যায়।

---

৪ ২০০৯-২০১০ এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাজেশন রিপোর্ট ("ব্লু বুক")-এ হিসাবকৃত সদ্ব্যবহারের হার "দীর্ঘমেয়াদী অনুপস্থিতি" হিসেবে শ্রেণিভুক্ত শিক্ষার্থীদেরকে অন্তর্ভুক্ত করে, কিন্তু ভবনের এনরোলমেন্ট সংখ্যায় তারা অন্তর্ভুক্ত নয়। এরা হচ্ছে সেই সব শিক্ষার্থী যারা ৩০ বা তার চেয়ে বেশি দিন যাবত স্কুলে অনুপস্থিত রয়েছে, যার ফলে বর্তমানে স্কুলে যোগদানরত শিক্ষার্থীদের নিয়ে রক্ষণশীল পদ্ধতিতে সদ্ব্যবহারের হার নির্ণয় করতে হচ্ছে।

৫ অনুগ্রহপূর্বক জেনে রাখুন যে ভবনের ধারণ ক্ষমতা ও সদ্ব্যবহারের হিসাবসমূহ সর্বদা সঠিকভাবে নির্দেশ করে না যে কোন স্কুল অধিক বা স্বল্পব্যবহৃত কি না। প্রযোজ্য ক্ষেত্রে অফিস অব স্পেস প্ল্যানিং ভবনটির বিদ্যমান জায়গার পরিমাণ নির্ণয়ের উদ্দেশ্যে একটি বিশদ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবে।

৬ অল্টারনেটিভে লার্নিং সেন্টার এমন একটি স্থান যেখানে অন্য স্কুল হতে স্থগিতকৃত শিক্ষার্থীরা যোগদান করার মাধ্যমে শিক্ষা গ্রহণ করে এবং সামাজিক-আবেগগত সমর্থন লাভ করে, যা তাদেরকে চূড়ান্তভাবে মূল স্কুলে ফিরে যাওয়ার জন্য প্রস্তুত করে। এএলসি অবস্থিত মূল স্টিভেনসন ভবনের বাইরে পরিবহণযোগ্য ক্লাসরুম ইউনিট (টিসিইউ)-গুলোতে। টিসিইউগুলোর ধারণ ক্ষমতা মূল ভবনের ধারণ ক্ষমতা হতে ভিন্ন এবং তা মূল এক্স৪৫০ মূল স্টিভেনসন ভবনের ধারণ ক্ষমতা বা এনরোলমেন্টকে প্রভাবিত করে না।

৭ এসসিআরএল পর্যায়ক্রমে অবলুপ্ত হতে থাকাকালে কিছু শিক্ষার্থীকে কৌশলগতভাবে "বর্তমানে পরিষেবাধীন নয়" হিসেবে শ্রেণিভুক্ত করা হতে পারে। এটি ঘটবে সেই পরিস্থিতিতে যেখানে বর্তমান শিক্ষার্থীরা "বিলম্বিত" রয়েছে কেননা তারা পরবর্তী গ্রেডে উত্তরণের জন্য দরকারী ক্রেডিট সঞ্চয় করতে পারেনি। উদাহরণস্বরূপ, বর্তমান কোন নবম গ্রেড শিক্ষার্থী যে ২০১০-২০১১ স্কুল বর্ষে কেবল চারটি ক্রেডিট অর্জন করেছে তাকে ২০১১-২০১২ বর্ষেও কৌশলগতভাবে নবম গ্রেড শিক্ষার্থী হিসেবে বিবেচনা করা হবে। সে সকল ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে তখনো এসসিআরএল-এ পরিষেবা দেওয়া হবে এবং গ্র্যাজুয়েশন অভিমুখে অগ্রগতির সহায়তায় উপযুক্ত কোর্সসমূহে তারা অন্তর্ভুক্ত হতে পারবে।

III. আওতাভুক্ত শিক্ষার্থী, স্কুল ও কমিউনিটির ওপর প্রস্তাবটির প্রভাব

A. শিক্ষার্থী

বর্তমান এসসিআরএল শিক্ষার্থীদের জন্য এনরোলমেন্ট বিকল্পসমূহ

এই প্রস্তাবের আওতায়, সকল বর্তমান এসসিআরএল শিক্ষার্থীর সুযোগ থাকবে এসসিআরএল থেকে গ্র্যাজুয়েশন সম্পন্ন করার, যদি ধরে নেয়া যায় যে তারা সময়মত ক্রেডিট অর্জন অব্যাহত রাখবে।

এসসিআরএল-এর বর্তমান নবম গ্রেডের শিক্ষার্থীগণ

নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুল ভর্তি প্রক্রিয়াটি (High School Admissions Process) একটি সিটিব্যাপী পছন্দক্রমের প্রক্রিয়া। হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার আওতায় আবেদনকারীরা তাদের আবেদনপত্রে বারোটি পর্যন্ত হাই স্কুল তাদের পছন্দক্রম অনুযায়ী তালিকাভুক্ত করার সুযোগ পায়। হাই স্কুল ভর্তির আবেদনসমূহ ডিসেম্বর ৩, ২০১০ তারিখে জমাদানের কথা ছিল। যে সকল শিক্ষার্থী প্রথমবারের মত নবম গ্রেডে অধ্যয়ন করছে তারা হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নিতে পারে এবং দশম গ্রেডে ভিন্ন কোন স্কুলে অধ্যয়নের জন্য তারা আবেদন করতে পারে। দশম গ্রেডে ভিন্ন কোন স্কুলে অধ্যয়নে আগ্রহী এসসিআরএল-এর বর্তমান নবম গ্রেডের শিক্ষার্থীরা ইতোমধ্যে এই প্রক্রিয়ায় অংশ নিয়ে থাকতে পারে। যদি ফেব্রুয়ারী ২০১১-তে এই প্রস্তাবটি অনুমোদিত হয়, তাহলে বর্তমান নবম গ্রেডের শিক্ষার্থীদের জন্য হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণের আরেকটি সুযোগ সৃষ্টি হবে।

সেপ্টেম্বর ২০১১-তে দশম গ্রেডের শিক্ষার্থী হিসেবে ভিন্ন কোন স্কুলে অধ্যয়নের জন্য আবেদনে আগ্রহীদেরকে একজন গাইড্যান্স কাউন্সেলরের সঙ্গে সাক্ষাত করতে হবে। ফেব্রুয়ারীর গোড়ার দিকে নিউ হাই স্কুল চয়েস ফর্ম (New High Schools Choice Form) বা নতুন হাই স্কুল পছন্দক্রমের ফর্ম নামক একটি নতুন হাই স্কুল আবেদনপত্র পাওয়া যাবে। এ সকল শিক্ষার্থীকে একটি নিউ হাই স্কুল চয়েস ফর্ম তাদের গাইড্যান্স কাউন্সেলরের নিকট ফেব্রুয়ারী ২৮, ২০১১ তারিখের মধ্যে জমা দিতে হবে। আবেদন প্রক্রিয়ার মূল রাউন্ডের অংশ হিসেবে শিক্ষার্থীরা তাদের পছন্দমত কোন স্কুলে অন্তর্ভুক্তির সুযোগ পেতে পারে।

বর্তমানে নবম গ্রেডে পুনরাবৃত্তিকারী শিক্ষার্থীরা এসসিআরএল-এ তাদের হাই স্কুল অধ্যয়ন সম্পন্ন করতে পারে, যদি তারা যথাসময়ে প্রয়োজনীয় ক্রেডিট অর্জন করে। স্কুলটির আকার ছোট হয়ে আসার প্রেক্ষিতে এ সকল শিক্ষার্থী তাদের গ্র্যাজুয়েশন পর্যন্ত অধিকতর ব্যক্তিবিশেষায়িত মনোযোগ লাভ করবে, যা নিশ্চিত করবে যে তাদের সাফল্যের জন্য প্রয়োজনীয় সহায়তা তারা লাভ করছে। শিক্ষার্থীদেরকে গ্র্যাজুয়েশন অভিমুখে তাদের অগ্রগতি পর্যালোচনার জন্য অথবা ট্রান্সফার স্কুল বা বদলী স্কুলে আবেদনের বিষয়টি বিবেচনার ক্ষেত্রে গাইড্যান্স কাউন্সেলরের সঙ্গে সাক্ষাত করার জন্যও উৎসাহিত করা হচ্ছে।

এসসিআরএল হাই স্কুলের বর্তমান দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের শিক্ষার্থীগণ

গ্র্যাজুয়েশন সম্পন্ন করার সঠিক পথে থাকা বর্তমান দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের শিক্ষার্থীরা এসসিআরএল থেকেই তাদের গ্র্যাজুয়েশন সম্পন্ন করবে, যদি তারা যথাসময়ে প্রয়োজনীয় ক্রেডিট অর্জন করে। স্কুলটির আকার ছোট হয়ে আসার প্রেক্ষিতে এ সকল শিক্ষার্থী তাদের গ্র্যাজুয়েশন পর্যন্ত অধিকতর ব্যক্তিবিশেষায়িত মনোযোগ লাভ করবে, যা নিশ্চিত করবে যে তাদের সাফল্যের জন্য প্রয়োজনীয় সহায়তা তারা লাভ করছে। শিক্ষার্থীদেরকে তাদের জন্য বিদ্যমান সকল বিকল্প আলোচনার জন্য তাদের গাইড্যান্স কাউন্সেলরের সঙ্গে সাক্ষাত করার জন্য উৎসাহিত করা হবে।

গ্র্যাজুয়েশন সম্পন্ন করার সঠিক পথে না থাকা বর্তমান দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের শিক্ষার্থীদেরকে তাদের জন্য বিদ্যমান বিকল্পসমূহ আলোচনার জন্য তাদের গাইড্যান্স কাউন্সেলরের সঙ্গে সাক্ষাত করতে হবে। তাদের বয়স, প্রাতিষ্ঠানিক বৃত্তান্ত, এবং সঞ্চিত ক্রেডিট-এর ওপর ভিত্তি করে কোন কোন শিক্ষার্থী ডিওই'র ট্রান্সফার হাই স্কুল বা বদলী হাই স্কুল, অথবা ইয়াং অ্যাডাল্ট বারা সেন্টারসমূহে (Young Adult Borough Centers) উন্নততর পরিষেবার সুযোগ লাভ করতে পারে, যেগুলোর অধিক-বয়স্ক, কম ক্রেডিটসম্পন্ন শিক্ষার্থীদেরকে গ্র্যাজুয়েশন অভিমুখে ফিরিয়ে আনার ভাল রেকর্ড রয়েছে।[৮] অবশ্য সাধারণভাবে এটি প্রত্যাশিত যে এসসিআরএল-এর অধিকাংশ বর্তমান শিক্ষার্থীই গ্র্যাজুয়েশন অভিমুখে প্রচেষ্টারত থেকে অগ্রসর হওয়ার পথে এই স্কুলটিতেই অন্তর্ভুক্ত থাকবে।

এসসিআরএল বর্তমানে কোল্যাবোরেটিভ টিম টিচিং (Collaborative Team Teaching) বা সহযোগিতামূলক দলগত শিক্ষকতা ("সিসিটি"), সেলফ-কন্টেইন্ড (Self-Contained) বা স্বনিয়ন্ত্রিত ("এসসি") ক্লাস এবং স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (Special Education Teacher Support Services) বা বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা ("এসইটিএসএস")-এর সুযোগ প্রদান করে থাকে। এসসিআরএল-এর ইংরেজি ভাষা শিক্ষার্থীগণ ("ইএলএল") স্কুলটি পর্যায়ক্রমে অবলুপ্ত হতে থাকাকালে আবশ্যিক পরিষেবাসমূহ অব্যাহতভাবে পেতে থাকবে। এসসিআরএল বর্তমানে দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি ("ইএসএল") পরিষেবা প্রদান করে থাকে; এটি ক্রান্তিকালীন দ্বিভাষিক কর্মসূচি বা দ্বৈত-ভাষা কর্মসূচি প্রদান করে না। একইভাবে প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থীরা তাদের ব্যক্তিবিশেষায়িত শিক্ষা পরিকল্পনা ("আইইপি") অনুযায়ী আবশ্যিক পরিষেবাসমূহ অব্যাহতভাবে পেতে থাকবে।

---

[৮] ইয়াং অ্যাডাল্ট বারা সেন্টারগুলো হচ্ছে সান্ধ্যকালীন প্রাতিষ্ঠানিক কর্মসূচি, যা প্রণয়ন করা হয়েছে সে সকল শিক্ষার্থীর চাহিদা মেটানোর লক্ষ্যে যারা পিছিয়ে থাকার কারণে অথবা পারিবারিক দায়িত্বের কারণে দিবাকালে স্কুলে যোগ দিতে অপারগ হওয়ার ফলে স্কুল ত্যাগের বিষয়টি বিবেচনা করছে। ওয়াইএবিসি'তে অধ্যয়নরত শিক্ষার্থীরা তাদের সকল ক্রেডিট অর্জন করলে এবং সকল প্রয়োজনীয় পরীক্ষায় উত্তীর্ণ হলে গ্র্যাজুয়েশন সম্পন্ন করতে পারে।

এই প্রস্তাবটি অনুমোদিত হলে, চলতি স্কুল বর্ষ সমাপ্তির পর এসসিআরএল আর কোন নতুন নবম গ্রেড শিক্ষার্থী ভর্তি করবে না। স্কুলটিতে বর্তমানে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে পরিষেবা প্রদান এসসিআরএল অব্যাহত রাখবে, যে পর্যন্ত না জুন ২০১৪-তে এর পর্যায়ক্রমিক অবলুপ্তি সম্পন্ন হয়।

যে সকল শিক্ষার্থী পর্যাপ্ত ক্রেডিট সঞ্চয় করেনি এবং যারা ন্যূনতম সংখ্যক রিজেন্টস পরীক্ষায় উত্তীর্ণ হয়নি তাদের জন্য ডিওই জুন ২০১৪-এর মধ্যে একটি নতুন প্লেসমেন্ট-এর ব্যবস্থা করবে।

এসসিআরএল-এ প্রদান করা প্রাতিষ্ঠানিক ও পাঠক্রম-বহির্ভূত কর্মসূচির ওপর প্রভাব

এসসিআরএল বর্তমানে প্রদান করা পাঠদানগত বা পাঠক্রম বহির্ভূত কর্মসূচিসমূহে তাৎক্ষণিক কোন প্রস্তাবিত পরিবর্তন নেই। তা সত্বেও স্কুলটি পর্যায়ক্রমে অবলুপ্ত হতে থাকলে, ক্রমেই আরো ক্ষুদ্রতর শিক্ষার্থীগোষ্ঠীকে পরিষেবা দানকালে, এবং পরিশেষে অবলুপ্ত হয়ে যাওয়ার প্রেক্ষিতে স্কুলটির প্রদান করা কর্মসূচিসমূহের প্রাপ্যতা অবশ্যম্ভাবীরূপে ব্যহত হবে।

প্রাতিষ্ঠানিক বিষয়াদির ক্ষেত্রে এসসিআরএল গ্র্যাজুয়েশনের শর্তাবলী পূরণের এবং হাই স্কুল ডিপ্লোমা অর্জনের লক্ষ্যে কর্মরত বর্তমান শিক্ষার্থীদেরকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে সকল প্রয়োজনীয় ক্লাস প্রদান অব্যাহত রাখবে। এসসিআরএল-এর একটি কর্মসূচি রয়েছে যেখানে হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণকারী শিক্ষার্থীগণ আবেদন করতে সক্ষম। এই কর্মসূচিটি সীমিত অবাছাই পদ্ধতির এবং মানবিক ও আন্তঃডিসিপ্লিনারি আগ্রহক্ষেত্রে শ্রেণিভুক্ত। এসসিআরএল-এর হাই স্কুল নির্দেশিকা পৃষ্ঠা মোতাবেক এটি হচ্ছে একটি কলেজ ও পেশা প্রস্তুতিমূলক কর্মসূচি যা কমিউনিটি গবেষণা এবং সরকারী নীতি বিশ্লেষণ পরিচালনার উদ্দেশ্যে সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করে থাকে। অন্যান্য মানবিক ও আন্তঃডিসিপ্লিনারি কর্মসূচিসমূহের একটি তালিকা এই নথিতে আরো পরের দিকে পাওয়া যাবে।

স্কুলটিতে মোট ভর্তির সংখ্যা হ্রাস পেতে থাকায় স্কুলটির প্রদান করা নৈর্বাচনিক কোর্সসমূহের সংখ্যাও কমিয়ে আনার প্রয়োজন হতে পারে। সেসব পরিবর্তন কিভাবে বাস্তবায়ন করা যেতে পারে তা পূর্বানুমান করা কঠিন, কেননা এ সকল সিদ্ধান্ত স্কুলের অ্যাডমিনিস্ট্রেটরদের হাতে ন্যস্ত এবং তা নির্ভর করবে বিভিন্ন নৈর্বাচনিক কোর্সের জন্য শিক্ষার্থীদের চাহিদা এবং স্কুলে বিদ্যমান স্টাফ ও বাজেট বরাদ্দের ওপর। প্রযোজ্য ক্ষেত্রে ডিওই এসসিআরএল-এর অ্যাডমিনিস্ট্রেটর ও শিক্ষকবৃন্দের সঙ্গে একত্রে কাজ করার মাধ্যমে নিশ্চিত করবেন যে একই ভবনে অবস্থিত অন্যান্য স্কুলের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে, অনলাইন কোর্সওয়ার্কের মাধ্যমে, অথবা সিটির উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে শিক্ষার্থীরা যেন নৈর্বাচনিক প্রাতিষ্ঠানিক কোর্সগুলোর সুযোগ অব্যাহতভাবে পেতে পারে।

পর্যায়ক্রমিক অবলুপ্তি চলাকালে, স্কুলটিকে ডিওই আমাদের অতীত প্রচেষ্টাসমূহের ভিত্তিতে সাহায্য করতে পারে:

- পাঠক্রম পরিকল্পনা, শিক্ষকতা অনুশীলনের উন্নয়ন, এবং শিক্ষার্থীদের ব্যক্তিগত চাহিদা অনুযায়ী পাঠদানকে উপযোগী করে তোলাসহ বিভিন্ন বিষয়ে শিক্ষক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে।
- শিক্ষক এবং অ্যাডমিনিস্ট্রেটরদেরকে অন্যান্য অধিকতর সফল স্কুলে কর্মরত তাদের সহকর্মীদের সঙ্গে যোগাযোগের সুযোগ প্রদানের মাধ্যমে, যা তাদেরকে একে অপরের নিকট থেকে শেখার সুযোগ করে দেয়, শিক্ষণপধতির মানোন্নয়ন ঘটায় এবং শিক্ষার্থীদের উন্নততর সহায়তা প্রদান করে।
- স্কুলে যুব উন্নয়ন উদ্যোগসমূহের সহায়তায় কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানসমূহের সঙ্গে অংশীদারিত্বের সুবিধা প্রদানের মাধ্যমে।

আগেই উল্লেখ করা হয়েছে যে, ইএলএল শিক্ষার্থী এবং আইইপি সম্পন্ন শিক্ষার্থীরা তাদের আবশ্যিক পরিষেবাসমূহ অব্যাহতভাবে পেতে থাকবে।

পিএলএ হিসেবে চিহ্নিত একটি স্কুল হিসেবে টার্নঅ্যারাউন্ড মডেলের জন্য সহায়তা বাবদ এসসিআরএল স্কুল ইম্প্রুভমেন্ট গ্র্যান্ট (School Improvement Grant) বা স্কুল উন্নয়ন অনুদান তহবিল প্রাপ্তির যোগ্য। এ সকল ক্ষেত্রে, তহবিল পাওয়া যাবে সেসব কর্মসূচির সহায়তার জন্য, যেগুলো প্রত্যক্ষভাবে শিক্ষার্থীদেরকে তাদের গ্র্যাজুয়েশন অভিমুখে এগিয়ে নেবে। (যেমন, অন-লাইন ক্রেডিট পুনরুদ্ধার কর্মসূচি, বাড়তি যুব উন্নয়ন এবং প্রচেষ্টারত শিক্ষার্থীদের জন্য পরামর্শমূলক সহায়তা)।

শিক্ষার্থীদের অ্যাথলেটিকস এবং অন্যান্য পাঠক্রম-বহির্ভূত কর্মসূচির ক্ষেত্রে, এসসিআরএল এ সকল বিকল্পের সুযোগ প্রদান অবাহত রাখবে, তবে স্কুলটির পর্যায়ক্রমিক অবলুপ্তির ফলে ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা কমতে থাকায় কর্মসূচিসমূহের সংখ্যা ও পরিব্যাপ্তি ক্রমান্বয়ে হ্রাস পেতে পারে।

এসসিআরএল-এ বর্তমানে নিম্নোক্ত ক্রীড়াসমূহের সুযোগ প্রদান করছে:

পিএসএএল স্পোর্টস – বালক: বেসবল, বাস্কেটবল, ফুটবল, আউটডোর ট্র্যাক, সকার
পিএসএএল স্পোর্টস – বালিকা: বাস্কেটবল, বোলিং, আউটডোর ট্র্যাক, সকার, সফটবল, টেনিস

স্কুল স্পোর্টস: স্পোর্টস অ্যান্ড ফিটনেস ক্লাব

পুনরায় এ সকল পরিবর্তন কিভাবে বাস্তবায়িত হতে পারে তা পূর্বানুমান করা কঠিন, কেননা এ সকল সিদ্ধান্ত স্কুলের অ্যাডমিনিস্ট্রেটরদের হাতে থাকবে এবং তা নির্ভর করবে শিক্ষার্থীদের আগ্রহ এবং স্কুলে বিদ্যমান রিসোর্সসমূহের ওপর। পূর্বেই উল্লেখ করা হয়েছে যে স্টিভেনসন ক্যাম্পাসটি অন্যান্য সাতটি স্কুলেরও অবস্থানস্থল। সাধারণত একাধিক স্কুলের অবস্থানবিশিষ্ট ক্যাম্পাসগুলো ভবনের সকল স্কুল হতে অংশগ্রহণের যোগ্য শিক্ষার্থীদেরকে নিয়ে অব্যাহতভাবে অ্যাথলেটিক টিম নির্বাচন করে থাকে, তবে তা সহযোগিতামূলকভাবে করা হয়ে থাকে।

আমরা পূর্বানুমান করছি যে প্রস্তাবটি অনুমোদিত হলে এই সুযোগগুলোই স্টিভেনসন ক্যাম্পাস জুড়ে, এসসিআরএল-এর বর্তমান শিক্ষার্থী সহ সকল শিক্ষার্থীর জন্য অব্যাহতভাবে বজায় থাকবে। লক্ষণীয় যে ছোট ছোট স্কুলে বিভক্ত হয়ে পড়া সিটি ক্যাম্পাসগুলো হতে বিভিন্ন টিম তাদের ক্যাম্পাসের ব্যানারেই চ্যাম্পিয়নশিপ পর্যায়ে প্রতিদ্বন্দ্বিতা করেছে।

একইভাবে, ভবনটির সকল স্কুল প্রতিষ্ঠান শিক্ষার্থীদের আগ্রহ, বিদ্যমান রিসোর্স, প্রাপ্য স্টাফ সহায়তার ওপর ভিত্তি করে পাঠক্রম বহির্ভূত কর্মসূচি প্রদান করবে। এসসিআরএল-এর বর্তমান শিক্ষার্থীরা এই স্কুলটি পর্যায়ক্রমে অবলুপ্ত হতে থাকলেও পাঠক্রম বহির্ভূত নানাবিধ কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ পেতে থাকবে, যদিও প্রদান করা সুনির্দিষ্ট কর্মসূচিসমূহ পরিবর্তিত হতে পারে। এটি সিটি'র যে কোন শিক্ষার্থীর জন্য সত্য, কেননা শিক্ষার্থীদের চাহিদা এবং বিদ্যমান রিসোর্সের ওপর ভিত্তি করে সকল স্কুলই পাঠক্রম বহির্ভূত কর্মসূচিসমূহ বার্ষিকভাবে পরিবর্তন করে থাকে। আবার ক্যাম্পাস জুড়ে একাধিক স্কুল সহযোগিতার মাধ্যমে পাঠক্রম বহির্ভূত উপযুক্ত যৌথ কর্মসূচি প্রদান করতে পারে।

শারীরিক প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থীদের জন্য এসসিআরএল কার্যতঃ অভিগম্য।

এসসিআরএল-এর কমিউনিটি অংশীদারিত্বের ওপর প্রভাব

ডিওই লেহম্যান কলেজ এবং মার্সি হসপিটাল সহ বেশ কতগুলো কমিউনিটি সংগঠনের সঙ্গে এসসিআরএল-এর অংশীদারিত্ব প্রতিষ্ঠায় এর প্রশাসন-এর সঙ্গে কাজ করেছে। গুড শেপার্ড সার্ভিসেসও স্কুলটির সঙ্গে কাজ করার মাধ্যমে ঝুঁকিপূর্ণ শিক্ষার্থীদের সহায়তা প্রদান করে থাকে। এ সকল অংশীদারী ব্যবস্থা এই স্কুলের পর্যায়ক্রমিক প্রত্যাহার চলতে থাকাকালেও বর্তমান শিক্ষার্থীদের অব্যাহতভাবে সহায়তা প্রদান করবে, যদিও স্কুলটি অবলুপ্তির নিকটবর্তী হতে থাকায় পরিবর্তিত চাহিদা ও রিসোর্সের প্রাপ্যতার ওপর ভিত্তি করে এ সকল অংশীদারিত্বের প্রকৃতি ও পরিধি পরিবর্তিত হতে পারে। স্কুলটির ক্রমান্বয়ে প্রত্যাহার চলাকালে ডিওই বিদ্যমান অংশীদারিত্বসমূহ সম্প্রসারণের এবং নতুন অংশীদারিত্ব তৈরির লক্ষ্যে এসসিআরএল-এর স্টাফদের সঙ্গে কাজ করবে, যদি প্রত্যাহারের মেয়াদে সুনির্দিষ্ট, নতুন শিক্ষার্থী চাহিদা দেখা দেয়।

এছাড়াও, এসসিআরএল-এর শিক্ষার্থীদেরকে পূর্বে সহায়তা প্রদান করেছে এরূপ কমিউনিটি প্রতিষ্ঠানের সঙ্গে কাজ করার সুযোগ সৃষ্টি করতে ডিওই ভবনটির অন্যান্য স্কুল প্রতিষ্ঠানের সঙ্গে একত্রে কাজ করবে। এসসিআরএল-এর ক্যাম্পাসে বর্তমানে অবস্থিত অন্যান্য স্কুলগুলো অলাভজনক প্রতিষ্ঠানসমূহের সঙ্গে ইতোমধ্যে সম্পর্ক স্থাপন করেছে, যার মধ্যে এমন কতগুলো রয়েছে যাদের কার্যাবলী এ সকল স্কুলের লক্ষ্য ও মূল ভাবধারার সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত। উপযুক্ত ক্ষেত্রে, এসসিআরএল-এর বর্তমান শিক্ষার্থীদের সহায়তা প্রদানকারী কমিউনিটি প্রতিষ্ঠানগুলোর সঙ্গে অংশীদারিত্ব সৃষ্টি বা সম্প্রসারণের লক্ষ্যে ডিওই স্টিভেনসন ক্যাম্পাসে অবস্থিত অন্যান্য স্কুলের সঙ্গে কাজ করবে।

ভবিষ্যত হাই স্কুল শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে প্রভাব – হাই স্কুল ভর্তি প্রক্রিয়া

নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুল ভর্তিসমূহ একটি সিটিব্যাপী পছন্দক্রমের ওপর ভিত্তি করে হয়ে থাকে, যেখানে হাই স্কুল ভর্তির "মূল রাউন্ড"-এর সময় শিক্ষার্থীরা ১২টি পর্যন্ত হাই স্কুল তাদের পছন্দক্রম অনুসারে উল্লেখ করতে পারে। ব্রংক্স কমিউনিটি বাদে, যেটি কি না অধিক-বয়সী এবং কম ক্রেডিটসম্পন্ন শিক্ষার্থীদের জন্য একটি ট্রান্সফার বা বদলী স্কুল, অ্যাডলেই ই. স্টিভেনসন ক্যাম্পাস (এক্স৪৫০)-এর সকল স্কুলই হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে শিক্ষার্থী ভর্তি করে থাকে। ভবনের অন্যান্য সকল স্কুলের একটি সীমিত অবাছাই নির্বাচন পদ্ধতি রয়েছে। সীমিত অবাছাই স্কুলসমূহ সে সকল শিক্ষার্থীদেরকে ভর্তির ক্ষেত্রে অগ্রগণ্যতা প্রদান করে যারা স্কুলটির তথ্য অধিবেশনে অথবা ওপেন হাউস-এ অংশগ্রহণের মাধ্যমে বা কোন একটি হাই স্কুল ফেয়ার চলাকালে স্কুলটির প্রদর্শনী পরিদর্শনের মাধ্যমে ঐ সুনির্দিষ্ট স্কুলের ব্যাপারে আগ্রহ প্রদর্শন করে।

অষ্টম গ্রেডের শিক্ষার্থীদেরকে অবশ্যই হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে এবং, যেমনটি পূর্বে বর্ণিত হয়েছে, যে সকল শিক্ষার্থী প্রথমবারের মত নবম গ্রেডে অধ্যয়নরত, তাদের জন্য অন্য কোন স্কুলে দশম গ্রেডের আসনের জন্য আবেদনে অংশ নেওয়ার বিকল্পটি রয়েছে। হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় তিনটি রাউন্ড রয়েছে:

বিশেষায়িত হাই স্কুল রাউন্ড: যে সকল শিক্ষার্থী বিশেষায়িত হাই স্কুল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে এবং যারা তাদের স্কোরের ভিত্তিতে যোগ্য তারা বিশেষায়িত হাই স্কুল অন্তর্ভুক্তির সুযোগ পাবে এবং নিয়মিত হাই স্কুলে তাদের ম্যাচ করা হবে বা সুযোগপ্রাপ্তি যাচাই করা হবে।

মূল রাউন্ড: সকল অষ্টম গ্রেডের শিক্ষার্থী (বিশেষায়িত হাই স্কুলে সুযোগপ্রাপ্তদেরকে বাদ দিয়ে) এই রাউন্ডের জন্য বিবেচ্য। সাধারণত, এই রাউন্ডটি পরিচালিত হওয়ার ঠিক পূর্বে নতুন স্কুলসমূহ ঘোষণা করা হয় এবং নতুন স্কুলগুলোর কোনটিতে ভর্তি হতে চাওয়া সকল অষ্টম গ্রেডের শিক্ষার্থী নতুন হাই স্কুল আবেদন পূরণের সুযোগ লাভ করে, যা ডিসেম্বর-এ জমাদানকৃত আবেদনকে স্থলাভিষিক্ত করে।

সম্পূরক রাউন্ড: মূল রাউন্ডে পছন্দক্রমের কোন স্কুলে সুযোগ না পাওয়া যে কোন শিক্ষার্থীকে একটি নতুন হাই স্কুল আবেদন পূরণ করতে হয়। এ সকল শিক্ষার্থীর জন্য প্রাপ্য পছন্দসমূহের মধ্যে রয়েছে এমন যে কোন স্কুল যেগুলোতে মূল রাউন্ড শেষ হওয়ার পর আসন বিদ্যমান রয়েছে।

হাই স্কুল ভর্তির আবেদনসমূহ ডিসেম্বর ৩, ২০১০ তারিখে জমাদানের কথা ছিল। যদি এই প্রস্তাবটি সময়সূচি অনুযায়ী ফেব্রুয়ারী ১, ২০১১ তারিখে পিইপি কর্তৃক অনুমোদিত হয়, তাহলে যে সকল শিক্ষার্থী এসসিআরএল কর্মসূচিকে তাদের হাই স্কুল ভর্তির আবেদনে তালিকাভুক্ত করেছিল, তারা ফেব্রুয়ারীতে তাদের স্কুলের পছন্দক্রম সংশোধন করে আরেকটি নতুন আবেদন দাখিল করার সুযোগ পাবে। সেই আবেদনটি পূর্বে দাখিলকৃত আবেদনের স্থলাভিষিক্ত হবে এবং তা হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মূল রাউন্ডের জন্য শিক্ষার্থীর বিবেচ্য আবেদন হিসেবে অন্তর্ভুক্ত হবে। ২০১১-২০১২ বর্ষব্যাপী সমগ্র সিটিতে চালু হতে যাওয়া নতুন হাই স্কুলসমূহকেও এ সকল শিক্ষার্থী তাদের বিবেচনায় রাখতে পারবে।

যদি প্রস্তাবটি অনুমোদিত হয়, এবং কোন শিক্ষার্থী ফেব্রুয়ারীতে নতুন আবেদন দাখিল না করে, তাহলে মূল রাউন্ডের যাচাই অনুষ্ঠানের পূর্বে ঐ

শিক্ষার্থীর পছন্দক্রমের তালিকা হতে এসসিআরএল-এর হাই স্কুল কর্মসূচিটি বাদ দেওয়া হবে। এই পরিস্থিতিতে, আবেদনটিতে এসসিআরএল কর্মসূচির তুলনায় নিচে অবস্থান করা যে কোন স্কুল অবধারিতভাবে উপরে উঠে আসবে। এটি চূড়ান্তভাবে ম্যাচ হওয়ার বিষয়টিকে প্রভাবিত করতে অথবা নাও করতে পারে, কেননা ঐ শিক্ষার্থী তার আবেদনে এসসিআরএল-এর চেয়ে উপরে উল্লেখ করা কোন স্কুলেও সুযোগ পেতে পারে। অবশ্য যদি ঐ শিক্ষার্থী এসসিআরএল-এ ম্যাচ হতো, তাহলে তাকে এর পরিবর্তে আবেদনে উল্লেখ থাকা পরবর্তী সর্বোচ্চ কর্মসূচিতে সুযোগ প্রদান করা হতো।

ভবিষ্যত হাই স্কুল শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে প্রভাব

শিক্ষার্থীদের ভবিষ্যত চাহিদা পূর্বানুমান করার লক্ষ্যে, পর্যায়ক্রমিক প্রত্যাহারের সিদ্ধান্তের পরিণতিতে যে সংখ্যক শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করা দরকার হবে, তার আকার ও জনমিতি সম্পর্কে সর্বোত্তম প্রাক্কলন করতে ডিওই অতীতের উপাত্ত ব্যবহার করে থাকে। নভেম্বর ১ তারিখের রেজিস্টার অনুযায়ী, এসসিআরএল-এ নবম গ্রেডে মোট ৩৯ জন নতুন ভর্তিকৃত শিক্ষার্থী রয়েছে। নতুন নবম গ্রেডে ভর্তিকৃতদের মধ্যে সে সকল শিক্ষার্থীরা রয়েছে যারা এই দুটি উপায়ের মধ্য থেকে কোন একটি অবলম্বন করে স্কুলটিতে ভর্তি হয়েছে:

- হাই স্কুল ভর্তি প্রক্রিয়া
- ওভার-দ্য-কাউন্টার ভর্তি

ওভার-দ্য-কাউন্টার ভর্তি এমন একটি পারিভাষিক শব্দ যা সেসব শিক্ষার্থীর ভর্তি পদ্ধতিকে বোঝায় যাদের একটি স্কুলে সংযুক্ত থাকা প্রয়োজন, কেননা তারা প্রবেশকালীন গ্রেডসমূহে কোন ভর্তি প্রক্রিয়ার অংশ ছিল না এবং/অথবা স্কুল শুরু করার সময় তারা কোন এনওয়াইসি স্কুলে অন্তর্ভুক্ত ছিল না। এ সকল শিক্ষার্থী নিম্নোক্ত তিনটি শ্রেণিবিন্যাসের কোন একটিতে পড়ে:

- নিউ ইয়র্ক সিটি স্কুল ব্যবস্থাটি তাদের নিকট নতুন; অথবা
- নিউ ইয়র্ক সিটি স্কুল ব্যবস্থা পরিত্যাগ করে গিয়েছিল এবং আবার ফিরে এসেছে; অথবা
- বদলী কামনা করছে (চ্যান্সেলরের প্রবিধান এ-১০১ –এ বর্ণিত নীতিমালার ওপর ভিত্তি করে)।[৯]

যখন কোন শিক্ষার্থী অভার-দ্য-কাউন্টার ভর্তির জন্য আসে, তখন তার স্কুল সংযুক্তির বিষয়টি নির্ণিত হয় তার আগ্রহ, বাড়ির ঠিকানা এবং কোন্ স্কুলে আসন বিদ্যমান রয়েছে, এবং প্রযোজ্য ক্ষেত্রে বদলীর নিয়মাবলীর ওপর নির্ভর করে। শিক্ষার্থী একটি বারা এনরোলমেন্ট অফিস (Borough Enrollment Office) পরিদর্শন করে যেখানে সে একজন কাউন্সেলরের সঙ্গে সাক্ষাত করবে, যিনি শিক্ষার্থীর চাহিদা পূরণের বিকল্পসমূহ পর্যালোচনা করবেন।

স্কুল উন্মুক্ত হওয়ার পূর্বে এবং উন্মুক্ত থাকাকালে একটি পীক এনরোলমেন্ট পিরিয়ড বা সর্বোচ্চ ভর্তির সময় থাকে যখন হাজার হাজার শিক্ষার্থী চলে আসে। সর্বোচ্চ এনরোলমেন্ট-এর এই সময়টি আরম্ভ হওয়ার পূর্বে স্কুলসমূহকে তাদের প্রত্যাশিত ওটিসি (ওভার-দ্য-কাউন্টার) শিক্ষার্থীর সংখ্যা সম্পর্কে স্মরণ করিয়ে দেওয়া হয়। এই সংখ্যাটি নির্ণিত হয় স্কুলের এনরোলমেন্ট প্রাক্কলন এবং ভর্তি প্রক্রিয়ার ফলাফলের ওপর ভিত্তি করে।

যদি ডিভিশন অব পোর্টফোলিও প্ল্যানিং (Division of Portfolio Planning) কর্তৃক নির্ধারণ করা হয় যে অতিরিক্ত ওটিসি আসন প্রয়োজন হতে পারে, তাহলে বিদ্যমান আসন সংখ্যা পর্যালোচনা করা হয় এবং – যদি স্থান সঙ্কুলান সম্ভব হয় – তাহলে সে সকল স্কুলে তা সমন্বয় করা হয় যেখানে ভর্তি পদ্ধতি হচ্ছে সীমিত অবাছাই, শিক্ষাগত বিকল্প অথবা অবাছাই।

যে সকল বাছাই কর্মসূচির (প্রাতিষ্ঠানিক মানদণ্ড রয়েছে এরূপ কর্মসূচি) গত দুই বছর ধরে হাই স্কুল ভর্তির ক্ষেত্রে পূরণ না হওয়ার রেকর্ড রয়েছে, সেগুলোকে ওটিসি'র ক্ষেত্রে "বাছাই-বিহীন" করা হয়ে থাকে, যার উদ্দেশ্য শিক্ষার্থীদের জন্য বিদ্যমান বিকল্প সংখ্যা বৃদ্ধি করা। এছাড়া, বাছাই এবং অডিশন স্কুল, ট্রান্সফার স্কুল, ইন্টারন্যাশনাল স্কুল এবং অল্টারনেটিভ স্কুলসমূহে সুযোগ প্রদান করা হয়ে থাকে রেফারাল-এর মাধ্যমে।[১০] এভাবে ডিওই প্রত্যেকটি শিক্ষার্থীকে বিপুল সংখ্যক স্কুলের মধ্য থেকে প্রশস্ততম পরিসরের বিকল্প প্রদানে সক্ষম হয়।

সর্বোচ্চ এনরোলমেন্ট ঘটার পর্যায়ে শিক্ষার্থী ভর্তিকারী স্কুলসমূহের সংখ্যা সময়ের সাথে সাথে সমান হারে বৃদ্ধি পেয়েছে, যার অর্থ হলো ঐ সময়ে আগত শিক্ষার্থীদেরকে অতীতের চেয়ে বেশি সংখ্যক বিকল্প প্রদান করা হচ্ছে। ২০১০-২০১১ স্কুল বর্ষে নবম হতে দ্বাদশ গ্রেডে পরিষেবা প্রদানকারী ৪৮১টি স্কুল পীক এনরোলমেন্ট পিরিয়ড-এ শিক্ষার্থী ভর্তি করে, যাকে চার বছর পূর্বের ৪২৮টির সঙ্গে তুলনা করা যেতে পারে।

অধিকন্তু, ব্রংক্সে এই বিশেষ সময়টিতে শিক্ষার্থী ভর্তিকারী স্কুলের সংখ্যা ১২৩ থেকে ১২৮-তে বৃদ্ধি পেয়েছে।

হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে কোন নির্দিষ্ট স্কুলে আবেদন করতে যাওয়া শিক্ষার্থীদের অথবা ওভার-দ্য-কাউন্টার পদ্ধতিতে আসবে এমন শিক্ষার্থীর সুনির্দিষ্ট সংখ্যা ডিওই পূর্বানুমান করতে না পারলেও শিক্ষার্থীদের ভবিষ্যত চাহিদা প্রাক্কলন করতে ডিওই ২০১০-২০১১ স্কুল-বর্ষ হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত ব্যবহার করে থাকে।

---

[৯] চ্যান্সেলরের প্রবিধান এ-১০১ অনুসারে, শিক্ষার্থীদের তাদের পূর্ববর্তী স্কুল হতে অবমুক্ত হওয়ার এক পঞ্জিকা বছরের মধ্যে সেখানে "প্রত্যাবর্তনের অধিকার" রয়েছে, তবে তা বিদ্যমান আসনের ওপর নির্ভরশীল। কাজেই এটি সম্ভব যে ওটিসি ভর্তির জন্য আগত জোন-বহির্ভূত শিক্ষার্থীদেরকে জোনভুক্ত স্কুলে ভর্তির সুযোগ দেওয়া হতে পারে।

[১০] ইন্টারন্যাশনাল স্কুলসমূহ স্থাপিত হয়েছে একটি অনন্য শিক্ষণ মডেল-এর মাধ্যমে সাম্প্রতিককালে আগত অভিবাসী শিক্ষার্থীদেরকে একটি মানসম্পন্ন শিক্ষা প্রদান করার লক্ষ্যে। বদলী স্কুলসমূহ হল ক্ষুদ্র, প্রাতিষ্ঠানিকভাবে কঠোর বিধিবিধানসম্পন্ন হাই স্কুল যেগুলোর উদ্দেশ্য স্কুল ত্যাগ করা অথবা বর্তমানে তাদের বয়সের তুলনায় কম ক্রেডিটসম্পন্ন (যাদেরকে "অধিক-বয়সী এবং কম ক্রেডিটসম্পন্ন" হিসেবে অভিহিত করা হয়) পিছিয়ে পড়া শিক্ষার্থীদেরকে পুনরায় শিক্ষায় সম্পৃক্ত করা।

নিচে প্রদত্ত উপরিচিত্রের মাধ্যমে দেখানো হয়েছে ২০১০-২০১১ স্কুল-বর্ষে এসসিআরএল-এ হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে আগত শিক্ষার্থী সংখ্যা বনাম ওভার-দ্য-কাউন্টার ভর্তির সংখ্যা:

	হাই স্কুল ভর্তি প্রক্রিয়া	ওভার-দ্য-কাউন্টার
নবম গ্রেড	১৪	২৫

অধিকন্তু, ১০-১২ গ্রেডসমূহে এসসিআরএল ২৬ জন ওটিসি শিক্ষার্থী ভর্তি করেছে:[১১]

	ওভার-দ্য-কাউন্টার
দশম গ্রেড	১৯
একাদশ গ্রেড	৪
দ্বাদশ গ্রেড	৩

এটি গুরুত্বপূর্ণ যে ভর্তি প্রক্রিয়ার মধ্য দিয়েই আসুক বা ওভার-দ্য-কাউন্টার পদ্ধতিতে, সকল শিক্ষার্থীর চাহিদা যেন পূরণ করা হয়। হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে ভর্তিকৃত ১৪ জন শিক্ষার্থীর মধ্যে ২৯% এসপিইডি এবং ৭% ইএলএল। এবং ওভার-দ্য-কাউন্টার পদ্ধতিতে আগত ৫১ জন শিক্ষার্থীর মধ্যে ১৪% এসপিইডি এবং ৪% ইএলএল।

এসসিআরএল বর্তমানে সিটিটি ক্লাস, এসসি ক্লাস এবং এসইটিএসএস ক্লাস প্রদান করছে। স্কুলটি পর্যায়ক্রমে অবলুপ্ত হতে থাকাকালেও এসসিআরএল-এর ইএলএল শিক্ষার্থীরা অব্যাহতভাবে আবশ্যিক পরিষেবাসমূহ পেতে থাকবে। একইভাবে প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থীরা তাদের আইইপি অনুযায়ী আবশ্যিক পরিষেবাসমূহ অব্যাহতভাবে পেতে থাকবে। আইইপি সম্পন্ন হাই স্কুল শিক্ষার্থীদেরকে তারা প্রতিবন্ধিত্বসম্পন্ন না হলে যে সকল স্কুলে অধ্যয়ন করতো সেসব স্কুলে অন্তর্ভুক্ত করা হয়। স্কুলসমূহ সকল শিক্ষার্থীর চাহিদা পূরণ করে এরূপ কর্মসূচি তৈরি করবে বলে প্রত্যাশিত, যেগুলো সাধারণ শিক্ষা পাঠক্রমে তাদের বৃহত্তর অংশগ্রহণ নিশ্চিত করে।

এসসিআরএল-এর প্রদান করা কর্মসূচির ন্যায় একই ধরণের কর্মসূচি প্রদানকারী স্কুলসমূহ[১২]

ব্রংক্স-এ এসসিআরএল-এর অফার করা মানবিক ও আন্তঃডিসিপ্লিনারি "আগ্রহ ক্ষেত্রের" আওতাভুক্ত সাতচল্লিশটি কর্মসূচি রয়েছে। এ সকল স্কুল সম্পর্কিত তথ্য পাওয়া যাবে পরিশিষ্ট-এ'তে। এসব স্কুলের প্রত্যেকটিতে অধ্যয়নরত প্রতিবন্ধিত্বসম্পন্ন এবং ইএলএল শিক্ষার্থীদের শতকরা হারও এতে অন্তর্ভুক্ত রয়েছে, যাতে করে পরিবারসমূহ সুনির্দিষ্ট স্কুলসমূহের জনমিতিক বৈশিষ্ট্য অনুধাবন করতে পারে এবং অন্যান্য বিকল্পের যথার্থতা যাচাইয়ে সহায়তা পেতে সেই তথ্য ব্যবহার করতে পারে। স্টিভেনসন ক্যাম্পাসে পর্যাক্রমিক উত্তরণ প্রক্রিয়ারত ব্রংক্স ব্রিজেস স্কুলেও মানবিক ও আন্তঃডিসিপ্লিনারি আগ্রহ ক্ষেত্রের আওতাভুক্ত একটি কর্মসূচি রয়েছে।

সিটি হাই স্কুলসমূহের একটি পূর্ণাঙ্গ তালিকা নিউ ইয়র্ক সিটি হাই স্কুল নির্দেশিকাতে পাওয়া যাবে, যেটি মুদ্রিত আকারে অথবা ডিওই ওয়েবসাইটে এই ঠিকানায় রয়েছে: http://schools.nyc.gov/ChoicesEnrollment/High/Directory/default.htm. নির্দেশিকাটি মুদ্রিত আকারে পাওয়া যাবে ডিওই মিডল স্কুলগুলোতে এবং বারা এনরোলমেন্ট সেন্টারসমূহে।

স্টিভেনসন ক্যাম্পাসটি প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থীদের জন্য কার্যত অভিগম্য।

B. স্কুলসমূহ

এসসিআরএল-এর বর্তমান অনুমিত এনরোলমেন্ট বা ভর্তিসংখ্যা ৩৪০ জন শিক্ষার্থী। যদি প্রস্তাবটি অনুমোদিত হয়, তাহলে এসসিআরএল ক্রমান্বয়ে অবলুপ্ত হতে থাকবে, তবে স্টিভেনসন ভবনে এসসিআরএল-এর হারানো আসনগুলো ব্রংক্স ব্রিজেস এবং পান্তোহা প্রেপ পূরণ করেও আরো অতিরিক্ত আসন সরবরাহ করবে।

এক্স৪৫০ ভবনটির সামগ্রিক পরিকল্পনার মধ্যে রয়েছে এসসিআরএল-এর পর্যায়ক্রমিক প্রত্যাহার, এবং ব্রংক্স ব্রিজেস ও পান্তোহা প্রেপ-এর অব্যাহত পর্যায়ক্রমিক উত্তরণ, আর ইতোমধ্যে পুরোপুরি এনরোলমেন্ট-মাত্রায় উত্তরণ সম্পন্ন হওয়া গেটওয়ে, পাবলো নেরুদা, মিলেনিয়াম, ব্রংক্স কমিউনিটি, ব্রংক্স গিল্ড এবং এএলসি ৮৮এক্স৯৯৬। সম্প্রসারণশীল স্কুল দুটি যখন পূর্ণ মাত্রা অর্জন করবে, তখন অবশিষ্ট সাতটি স্কুল সম্মিলিতভাবে ২,৭০০-৩,০০ শিক্ষার্থী ভর্তি করবে বলে অনুমান করা হয়, যার মধ্যে ব্রংক্স ব্রিজেস-এর ৯-১২ গ্রেডে ৩২৫-৩৫০ জন, এবং পান্তোহা প্রেপ-এর ৬-১২ গ্রেডে আনুমানিক ৫৫০-৬০০ জন শিক্ষার্থী অন্তর্ভুক্ত। এই প্রস্তাবের প্রত্যক্ষ পরিণতিস্বরূপ এ সকল স্কুলের ভর্তিসংখ্যার ওপর কোন প্রভাব পড়বে না, যদিও

[১১] ১০ম গ্রেডে নতুন ভর্তিকৃতদের মধ্যে অনেকে ১০ম গ্রেডের শিক্ষার্থীদের জন্য হাই স্কুল ভর্তি পরীক্ষার মাধ্যমে যোগ দিয়ে থাকতে পারে।

[১২] একই ধরণের কর্মসূচিগুলোকে বলা হয়ে থাকে যে তারা সেই একই "আগ্রহ ক্ষেত্র"-এর অন্তর্ভুক্ত যেগুলোতে শিক্ষার্থীরা হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে আবেদন করতে পারে।

ব্রংক্স ব্রিজেস এবং পান্তোহা প্রেপ তাদের সম্প্রসারণ অব্যাহত রাখবে।

নিম্নের ছকটি এসসিআরএল-এর ক্রমিক প্রত্যাহার এবং ব্রংক্স ব্রিজেস ও পান্তোহা প্রেপ-এর ক্রমিক উত্তরণ-এর প্রেক্ষিতে এক্স৪৫০ ভবনের স্কুলসমূহে প্রাক্কলিত ভর্তিসংখ্যার পরিধি উপস্থাপন করে।[১৩]

স্কুলের নাম	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	২০১৪-২০১৫
গেটওয়ে	৫০৪	৪৭৫-৫২৫	৪৭৫-৫২৫	৪৭৫-৫২৫	৪৭৫-৫২৫
পাবলো নেরুদা	৩৮৫	৩৫০-৪০০	৪০০-৪৫০	৪০০-৪৫০	৪০০-৪৫০
মিলেনিয়াম	৪৭৭	৪৫০-৫০০	৪৫০-৫০০	৪৫০-৫০০	৪৫০-৫০০
পান্তোহা	৪০৭	৪০০-৪২৫	৪৭৫-৫০০	৫৫০-৬০০	৫৫০-৬০০
ব্রংক্স কমিউনিটি	২০০	১৭৫-২২৫	১৭৫-২২৫	১৭৫-২২৫	১৭৫-২২৫
ব্রংক্স ব্রিজেস	৮১	১৫০-১৭৫	২২৫-২৫০	৩২৫-৩৫০	৩২৫-৩৫০
ব্রংক্স গিল্ড	৩০৬	৩২৫-৩৫০	৩২৫-৩৫০	৩২৫-৩৫০	৩২৫-৩৫০
এসসিআরএল	৩৪০	২০০-২২৫	১০০-১২৫	৫০-১০০	প্রযোজ্য নয়
সর্বমোট	২,৭০০	২,৫২৫-২,৮৭৫	২,৬২৫-২,৯৭৫	২,৭৫০-৩,১০০	২,৭০০-৩,০০০

এই প্রস্তাবটির আওতায়, স্টিভেনসন ক্যাম্পাস ২০১৪-২০১৫ বর্ষে আনুমানিক ২,৭০০-৩,০০০ জন শিক্ষার্থী ভর্তি করবে, যার মধ্যে নবম থেকে দ্বাদশ গ্রেডের শিক্ষার্থীর সংখ্যা হবে ২,৪০০-২,৭০০ জন। ঐ সময়টিতে এসসিআরএল-এর ধারাবাহিক প্রত্যাহার সম্পন্ন হয়ে যাবে এবং ব্রংক্স ব্রিজেস ও পান্তোহা প্রেপ তাদের পর্যায়ক্রমিক উত্তরণ সম্পন্ন করে ফেলবে। তখন স্টিভেনসন ক্যাম্পাসের অনুমিত সদ্ব্যবহার হবে অভীষ্ট ধারণক্ষমতার ৮৯%।[১৪] এর অর্থ হচ্ছে, পান্তোহা প্রেপ এবং ব্রংক্স ব্রিজেস উভয়ের পূর্ণ সম্প্রসারণ-এর পর স্থান সঙ্কুলান, এবং স্টিভেনসন ক্যাম্পাসে ইতোমধ্যে সহাবস্থান করা অন্যান্য স্কুলের স্থান ও ফ্যাসিলিটিসমূহের চাহিদা পূরণ করার মত পর্যাপ্ত সক্ষমতা ভবনটির রয়েছে।

